

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৪. ২৬৮

তারিখ : ০৭/০৪/২০২৬ খ্রিঃ

বিষয়: সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (TSC) সমূহের বিদ্যমান অবকাঠামো, যন্ত্রপাতি ও আসবাবপত্রের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজগুলোতে দীর্ঘদিন যাবৎ অবকাঠামোর তীব্র সংকট নিরসনে '৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি' প্রকল্প এবং ১০০টি উপজেলায় ১টি করে সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পের আওতায় নতুন ভবনসমূহ নির্মিত হয়েছে এবং যন্ত্রপাতি ও আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। বর্তমানে প্রায় সকল প্রতিষ্ঠানেই অবকাঠামোগত, যন্ত্রপাতি ও আসবাবপত্র সমস্যার সমাধান হয়েছে। তবে পরিলক্ষিত হচ্ছে যে, কিছু কিছু প্রতিষ্ঠানে পুরাতন ও নতুন ভবন ব্যবহারের ক্ষেত্রে ভারী (Heavy) যন্ত্রপাতি সমৃদ্ধ বা হালকা (Light) যন্ত্রপাতি সমৃদ্ধ ড্রেড এর ল্যাভ/ওয়ার্কসপ সঠিক স্থানে নির্বাচন করা হয় নাই। ফলে ভবনসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিত হচ্ছে না এবং কোনো কোনো ভবন অব্যবহৃত অবস্থায় পড়ে থাকছে। এতে অব্যবহৃত ভবনসমূহ ক্ষতিগ্রস্ত ও অপরিষ্কার হওয়ার ঝুঁকি তৈরি হচ্ছে এবং কোনো কোনো ক্ষেত্রে জায়গার অপচয় (Overlap) ঘটছে।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানের সকল অবকাঠামোর সর্বোচ্চ ও সঠিক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

১. ড্রেড ভিত্তিক বন্টন: ভবনের ধারণক্ষমতা ও কারিগরি প্রয়োজনীয়তা বিবেচনা করে গুপভিত্তিক বিল্ডিং এবং ফ্লোরভিত্তিক ড্রেড নির্বাচন করতে হবে।
২. ভারী ও হালকা ড্রেড বিন্যাস: ভবনের কাঠামোগত নিরাপত্তা বিবেচনায় ভারী যন্ত্রপাতি সম্বলিত ড্রেডসমূহ নিচতলায় এবং তুলনামূলক হালকা যন্ত্রপাতি সম্বলিত ড্রেডসমূহ ওপরের তলায় বিন্যাস করতে হবে।
৩. অব্যবহৃত ভবনের ব্যবহার: কোনো কক্ষ/ল্যাভ/ওয়ার্কসপ যাতে অব্যবহৃত না থাকে, সেজন্য প্রয়োজনে ল্যাভ, শ্রেণীকক্ষ বা সহ-শিক্ষা কার্যক্রমের জন্য সেগুলোকে ব্যবহার উপযোগী করতে হবে।
৪. ইনস্টলেশন: প্রকল্প অথবা রাজস্ব বাজেটের মাধ্যমে ক্রয়কৃত সকল যন্ত্রপাতি যথাস্থানে স্থাপন ও ব্যবহার উপযোগী করতে হবে।
৫. যন্ত্রপাতি কার্য উপযোগীকরণ: ৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর সক্ষমতা বৃদ্ধি প্রকল্প ও ১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন প্রকল্প কর্তৃক প্রতিষ্ঠানসমূহে সরবরাহকৃত যন্ত্রপাতি ব্যবহার উপযোগী না হলে বর্ণিত প্রকল্প সংশ্লিষ্টের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
৬. পরিষ্কারতা ও রক্ষণাবেক্ষণ: সকল ভবন নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং সরকারি সম্পদের যথাযথভাবে ব্যবহার/ সঠিক রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।

স্বাক্ষরিত
(প্রকৌশলী মোঃ রেজাউল হক)
পরিচালক (ভোকেশনাল)

প্রাপক:

অধ্যক্ষ

সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৪. ২৬৮(৬)

তারিখ : ০৭/০৪/২০২৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২) চীফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৩) সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪) ডিভিশনাল কন্ট্রোল অব অ্যাকাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস এর কার্যালয়.....।
- ৫) জেলা/উপজেলা অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার,।
- ৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭) মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) সংশ্লিষ্ট নথি।

স্বাক্ষরিত
(মোঃ এনায়েত করিম)
সহকারী পরিচালক